৬. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হলো;
৭. আর্থিক ক্ষমতা অর্পণের এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে;
৮. ইতঃপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

২১/০১/২০২৬
(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)
অর্থ সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল), ......তথ্য ও সম্প্রচার......মন্ত্রণালয়/বিভাগ।
৫। সদস্য (সকল), ....................................................বিভাগ, পরিকল্পনা কমিশন।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষ (পিপিপিএ), ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
৮। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/মহাপরিচালক (সকল সংস্থা).........................................।
৯। হিসাব মহানিয়ন্ত্রক/কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
১০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার ..............................................মন্ত্রণালয়/বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০০০.০১৪.১৮.০০৪৮.২৫.**৩৫৭** | তারিখ: ০৯ ফাল্গুন ১৪৩২ / ২২ ফেব্রুয়ারি ২০২৬

উপর্যুক্ত বিষয় ও অর্থ বিভাগের ১৯ জানুয়ারি ২০২৬ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-৩০ নং পরিপত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২/২/২৬
(সালমা হাসনায়েন)
উপসচিব
ফোন: ৫৫১০১০৮২
ই-মেইল: admin1@moi.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রধান...............................................।
০৩। যুগ্মসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। উপসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিস্টেম এ্যানালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। সহকারী সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সকল শাখা/অধিশাখা.........................................................................।

২৫ ১৯/১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-২, শাখা-১১
www.mof.gov.bd

নং- ০৭.১১১.০৩১.০১.০০.০০৭.২০২১(অংশ-১)-৩০

তারিখ: ০৫ মাঘ ১৪৩২
১৯ জানুয়ারি ২০২৬

পরিপত্র

**বিষয়: পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' (Delegation of Financial Powers) অর্পন।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা সরকার কর্তৃক নিম্নরূপভাবে নির্ধারণ করা হয়েছে:

**পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' (Delegation of Financial Powers) অর্পন।**

| ক্র. নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ পিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রাতিষ্ঠানিক লেভেল -২<br>প্রধানমন্ত্রীর কার্যালয় | প্রাতিষ্ঠানিক লেভেল -৩<br>ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান<br>(প্রধান নির্বাহী কর্মকর্তা) |
|---|---|---|---|
| ১. | পণ্য/মালামাল ইত্যাদি ক্রয় চুক্তি (রিকোয়েস্ট ফর কোটেশন [আরএফকিউ] পদ্ধতি ব্যতিত অন্য সকল পদ্ধতিতে) | পূর্ণ ক্ষমতা (১০০ কোটি টাকা পর্যন্ত) নিম্নলিখিত শর্ত সাপেক্ষে:<br>(১) 'Public Private Partnership Technical Assistance Financing (পিপিপিটিএএফ) স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ১০ কোটি টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |
| ২. | প্রশিক্ষণ, সেমিনার কর্মশালা, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ক্রয় চুক্তি | পূর্ণ ক্ষমতা<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষে:<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের সম্মানী, আপ্যায়ন হার, সেমিনার, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট বিষয়ে সার্কুলার জারি করতে হবে;<br>(৩) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারি দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ সেমিনার, যানবাহন ভাড়া, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের জন্য প্রশাসনিক ব্যয়ের বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক বাৎসরিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদন নিতে হবে;<br>(৪) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ৫০ লক্ষ টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষে:<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদনক্রমে এতদসংক্রান্ত বিষয়ে সাধারণ নির্দেশনা, পদ্ধতি, প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষকের সম্মানী, আপ্যায়ন হার, সেমিনার, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট বিষয়ে সার্কুলার জারি করতে হবে;<br>(৩) প্রশিক্ষণ দ্রব্যাদি, মনিহারি দ্রব্যাদি, হল ভাড়া, সম্মানী ভাতা, খাদ্য সামগ্রী, ওয়ার্কসপ সেমিনার, যানবাহন ভাড়া, রোড শো, ইভেন্ট ম্যানেজমেন্ট ইত্যাদি অনুষ্ঠানের জন্য প্রশাসনিক ব্যয়ের বিস্তারিত বিভাজন উল্লেখপূর্বক বাৎসরিক ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা অর্থ বিভাগের পিপিপি ইউনিটের অনুমোদন নিতে হবে;<br>(৪) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র) এর দপ্তর
ডায়েরি নং: ২ তারিখ: ১৯/২/২৬
☐ যুগ্মসচিব (প্রশাসন)
☐ যুগ্মসচিব (বাজেট)
☐ যুগ্মসচিব (চলচ্চিত্র)
☐ আইন কর্মকর্তা
☐ ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব (প্রশাসন ও চলচ্চিত্র)

| ক্র. নং | আইটেমের বর্ণনা, অর্থনৈতিক কোড লেভেল -৪ পিপিপিটিএএফ অর্থ দ্বারা বাস্তবায়নযোগ্য বিষয় | প্রাতিষ্ঠানিক লেভেল -২<br>প্রধানমন্ত্রীর কার্যালয় | প্রাতিষ্ঠানিক লেভেল -৩<br>ক্রয়কারী কর্তৃপক্ষ প্রধান<br>(প্রধান নির্বাহী কর্মকর্তা) |
|---|---|---|---|
| ৩. | পিপিপি প্রকল্প উন্নয়নের জন্য Transaction Advisor/পরামর্শক নিয়োগের চুক্তি | ১০ কোটি টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। | ৮ কোটি টাকা পর্যন্ত<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮' অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |
| ৪. | কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে | প্রযোজ্য নয় | অনধিক ৮ লক্ষ টাকা পর্যন্ত। তবে বৎসরে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা।<br>নিম্নলিখিত শর্ত সাপেক্ষেঃ<br>(১) 'পিপিপিটিএএফ স্কীম ও গাইডলাইন, ২০১৮ অনুযায়ী অনুমোদিত ক্রয় পরিকল্পনায় সংশ্লিষ্ট কাজ অন্তর্ভুক্ত থাকতে হবে;<br>(২) পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫ এবং প্রচলিত আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। |

**উপর্যুক্ত প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করার সময় নিম্ন বর্ণিত সাধারণ শর্তসমূহ পালন করতে হবে:**

১ ও ২ পণ্য ক্রয়ের ক্ষেত্রে ১০০ কোটি টাকার উর্ধ্বে এবং পরামর্শক ক্রয়ে ১০ কোটি টাকার উর্ধ্বে সকল ক্রয় প্রস্তাব সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটি অনুমোদন করবে।

৩. বিদ্যমান আর্থিক ও প্রাসঙ্গিক অন্যান্য বিধি এবং পদ্ধতি অনুসরণপূর্বক অর্থ ব্যয় করতে হবে।

৪. বিল ও ভাউচার দ্বারা পূর্বে গৃহীত অগ্রিমের ৮৫ % সমন্বয় করা না হলে পরবর্তী অগ্রিম প্রদান করা যাবে না।

৫. অর্থবছরের ৩০ জুনের মধ্যে অথবা কর্মকান্ড সম্পাদনের ২ মাসের মধ্যে সকল অগ্রিম সমন্বয় করতে হবে এবং সমন্বয় সম্পর্কে একটি প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৬. সকল হিসাব সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে সম্পন্ন করত হবে।

৭. অধস্তন কর্তৃপক্ষের অনুমোদন ক্ষমতার মধ্যে রাখার জন্য কোন আইটেম ভেঙ্গে ভেঙ্গে ক্রয় করা যাবে না।

২. এ স্মারকের মাধ্যমে অর্পিত ক্ষমতাসমূহ শুধুমাত্র প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়াধীন পাবলিক প্রাইভেট পার্টনারশীপ কর্তৃপক্ষ (পিপিপিএ) এর তত্ত্বাবধানে পরিচালিত পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ টেকনিক্যাল এ্যাসিসট্যান্স ফাইন্যান্সিং (পিপিপিটিএএফ) তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

৩. এ অর্পিত ক্ষমতাসমূহ রুলস্ অব বিজনেসের সংশ্লিষ্ট ধারাসমূহ, প্রচলিত বিধি-বিধান পালন সাপেক্ষে প্রয়োগ করতে হবে;

৪. অর্পিত অধিকতর আর্থিক ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/কর্মকর্তা কর্তৃক সরকারি বিধি-বিধান অনুসরণ করে মিতব্যয়িতা/দূরদর্শিতা ও বিচক্ষণতার সাথে প্রয়োগ করতে হবে;

৫. প্রচলিত অন্যান্য 'আর্থিক ক্ষমতা অর্পণ' অনুশাসনসমূহে যা থাকুক না কেন, পিপিপিটিএএফ তহবিল হতে ব্যয়ের ক্ষেত্রে এ স্মারকের মাধ্যমে অর্পিত আর্থিক ক্ষমতাসমূহ কার্যকর হবে;